অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/28/2022 **গভর্নর ক্যাথি হোকল**

বাফেলো বিলস-এর নিউ ইয়র্ক স্টেটে থাকা নিশ্চিত করতে গভর্নর হোকলের যৌথ সরকারি-বেসরকারি চুক্তি সম্পাদনের ঘোষণা

নিউ ইয়র্ক স্টেটের তরফ থেকে 600 মিলিয়ন ডলারের একটি বিনিয়োগের সাথে - যা স্টেডিয়ামের খরচের তুলনায় অর্ধেকেরও কম - NFL, বিলস ও এরি কাউন্টির তরফ থেকে সমপরিমাণ বিনিয়োগ যোগ করে পরবর্তী 30 বছরের জন্য এই টিমকে বাফেলোতে রেখে দেওয়া হবে

ইউনিয়নের শ্রমিকদের কাজে লাগিয়ে ওয়েস্টার্ন নিউ ইয়র্কের ইতিহাসে সর্ববৃহৎ নির্মাণ প্রকল্প নির্মিত হবে, যা নির্মাণ খাতে 10,000 কর্মসংস্থান তৈরি করবে বলে প্রত্যাশা করা হচ্ছে

টিমের অর্থনৈতিক প্রভাব স্টেডিয়ামে অর্থায়নের সরকারি শেয়ারের 100 শতাংশেরও বেশি কভার করবে

গভর্নর ক্যাথি হোকল এবং এরি কাউন্টি এক্সিকিউটিভ মার্ক পোলনকার্জ আজ নিউ ইয়র্ক স্টেট, এরি কাউন্টি এবং NFL-এর বাফেলো বিলস ফ্র্যাঞ্চাইজের জন্য অরচার্ড পার্কে 1.4 বিলিয়ন ডলারের একটি নতুন স্টেডিয়াম নির্মাণের কথা ঘোষণা করেছেন। গভর্নর হোকল আলোচনার মাধ্যমে বিলস-এর 30 বছর পর্যন্ত বাফেলোতে থাকার একটি অঙ্গীকার, এবং NFL ও বিলস-এর তরফ থেকে 550 মিলিয়ন ডলারের একটি সমন্বিত বিনিয়োগ অর্জিত হয়েছে - যা আজ NFL মালিকদের দ্বারা অনুমোদিত হয়েছে। গভর্নর স্টেট বাজেটে 600 মিলিয়ন ডলারের একটি প্রস্তাব উত্থাপন করবেন এবং এরি কাউন্টি 250 মিলিয়ন ডলার প্রদান করবে। টিম থেকে তৈরি হওয়া অর্থনৈতিক ও কর সংক্রান্ত প্রভাব এই নতুন স্টেডিয়ামের খরচের 100 শতাংশেরও বেশি সরকারি শেয়ারের জন্য সমর্থন প্রদান করবে।

"আমি তিনটি প্রশ্নের উত্তর খোঁজার জন্য এসব আলোচনায় অংশ নিয়েছি - আমরা বিলস-কে কত দিন পর্যন্ত বাফেলোতে রাখতে পারবো, এই প্রকল্প যাতে ওয়েস্টার্ন নিউ ইয়র্কের কঠোর পরিশ্রমী পুরুষ ও মহিলাদের উপকৃত করে তা আমরা কিভাবে নিশ্চিত করতে পারি এবং আমরা কিভাবে করদাতাদের জন্য সেরা পছন্দ পেতে পারি?" **বলেছেন গভর্নর হোকল**। "আমি আনন্দিত যে কয়েক মাস ধরে আলোচনার পর, আমরা সম্ভাব্য সেরা উত্তরগুলো খুঁজে পেয়েছি - বিলস আরো 30 বছর পর্যন্ত বাফেলোতে থাকবে, এই প্রকল্প 10,000 ইউনিয়ন কর্মসংস্থান তৈরি

করবে এবং নিউ ইয়র্কবাসীরা নিশ্চিত থাকতে পারেন যে এই টিমের মাধ্যমে তৈরি হওয়া অর্থনৈতিক ক্রিয়াকলাপের মাধ্যমে তাদের বিনিয়োগ ফেরত চলে আসবে।"

বাফেলো বিলস ফ্র্যাঞ্চাইজ বাফেলো অঞ্চলের এবং স্টেটের জন্য একটি প্রমাণিত অর্থনৈতিক চালিকাশক্তি। নিউ ইয়র্ক স্টেট, এরি কাউন্টি ও বাফেলোর জন্য বিলস বছরে 27 মিলিয়ন ডলারের প্রত্যক্ষ আয়, বিক্রয় ও ব্যবহারের ট্যাক্স বয়ে আনে। এই রাজস্ব ক্রমশ বৃদ্ধি পাবে এবং 30 বছরের লিজ চলাকালীন সময়ে সর্বমোট 1.6 বিলিয়ন ডলারেরও বেশি অর্থে পরিণত হবে। এছাড়াও, নিউ ইয়র্ক, যুক্তরাষ্ট্র ও কানাডা থেকে খেলা দেখার জন্য উপস্থিত হওয়া ভক্তরা এই এলাকায় অর্থ খরচ করবেন যা অন্যথায় এই অঞ্চলে খরচ হতো না এবং এর ফলে বছরে 385 মিলিয়ন ডলারেরও বেশি অর্থনৈতিক প্রভাব পড়বে।

বাফেলো বিলস-এর মালিক টেরি ও কিম পেগুলা বলেন, "অরচার্ড পার্কে বাফেলো বিলস-এর জন্য একটি নতুন স্টেডিয়াম নির্মাণের জন্য আমাদের সম্মিলিত লক্ষ্য মজবুত করতে আমরা আজ আরো একটি পদক্ষেপ গ্রহণ করেছি। এই প্রক্রিয়াজুড়ে গভর্নর হোকল ও তার টিমের সময়, প্রচেষ্টা ও অবিচল অঙ্গীকারবদ্ধতার জন্য আমরা কৃতজ্ঞ। যদিও লক্ষ্য অর্জনের শেষ ধাপটি অতিক্রম করতে আমাদের আরো কিছু পথ অতিক্রম করতে হবে, আমরা মনে করি নিউ ইয়র্ক স্টেট, কাউন্টির এক্সিকিউটিভ মার্ক পোলনকার্জের নেতৃত্বে এরি কাউন্টি, এবং জাতীয় ফুটবল লিগের (National Football League) মধ্যে সম্পাদিত আমাদের সরকারি-বেসরকারি অংশীদারিত্ব আমাদেরকে সেখান পর্যন্ত নিয়ে যাবে।"

কাউন্টি এক্সিকিউটিভ মার্ক পোলনকার্জ বলেন, "বাফেলো বিলস ওয়েস্টার্ন নিউ ইয়র্কের প্রত্যেক অধিবাসীর হৃদয় ও আত্মায় ঠাঁই করে নিয়েছে। এই টিমকে বাফেলোতে রাখার জন্য আমাদের একটি চুক্তি সম্পন্ন করা অপরিহার্য ছিল, কিন্তু এটি এরি কাউন্টি ও নিউ ইয়র্কের অধিবাসীদের জন্যেও একটি ন্যায্য চুক্তি হয়েছে। আর ঠিক এই চুক্তিই সম্পন্ন হয়েছে: বিলস আগামী 30 বছর পর্যন্ত বাফেলোতে খেলবে; এই প্রকল্পে ট্রেড ইউনিয়নের 10,000 নির্মাণকাজের কর্মসংস্থান তৈরি হবে; এবং কাউন্টি আর বার্ষিক কার্যপরিচালনা ও মূলধনের ব্যয় বহন করবে না, যার মাধ্যমে এই লিজ চলাকালীন সময়ে কাউন্টির করদাতাদের বেশ কয়েক মিলিয়ন ডলার সাশ্রয় হবে। সবার জন্য সমতাপূর্ণ একটি চুক্তিতে পৌঁছানোর জন্য এই গত কয়েক মাস ধরে অত্যন্ত কঠোর পরিশ্রমের জন্য গভর্নর ক্যাথি হোকল, এবং টেরি ও কিম পেগুলাকে ধন্যবাদ।"

স্টেডিয়ামের পূর্ববর্তী চুক্তিগুলোর তুলনায় সরকারি অর্থায়নের শেয়ার কমে এসেছে। 1973 সালে হাইমার্ক স্টেডিয়ামের (Highmark Stadium) নির্মাণকাজ 100 শতাংশ সরকারি অর্থায়নের মাধ্যমে হয়েছিল, 1998 সালের সংস্কার ও প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণের ক্ষেত্রেও তাই ঘটেছিল। 2013 সালের সংস্কার কাজের 73 শতাংশ সরকারি অর্থায়নে হয়েছে। এই প্রস্তাবে মাত্র 60.7 শতাংশ সরকারি অর্থায়ন অন্তর্ভুক্ত রয়েছে, যা তুলনামূলক বাজারে সাম্প্রতিক অন্যান্য NFL স্টেডিয়ামের চুক্তিগুলোর চেয়ে বেশ কম। স্টেটের শেয়ার হলো 43 শতাংশ।

এই 30 বছর মেয়াদী চুক্তির মধ্যে এরি কাউন্টির অরচার্ড পার্কে বাফেলো বিলস কর্তৃক কমপক্ষে 60,000 আসনের একটি নতুন স্টেডিয়ামের নকশা প্রণয়ন ও নির্মাণকাজ সম্পন্ন করা অন্তর্ভুক্ত রয়েছে। এই চুক্তির মধ্যে বিলস-এর তরফ থেকে পরবর্তী 30 বছর ধরে এই নতুন স্টেডিয়ামে

খেলার অঙ্গীকার অন্তর্ভুক্ত রয়েছে। বিলস অবিলম্বে এই নতুন স্টেডিয়ামের নকশা প্রণয়নের কাজ শুরু করবে, এবং 2023 সালে মেয়াদোত্তীর্ণ হতে যাওয়া হাইমার্ক স্টেডিয়ামের জন্য টিমের বর্তমান লিজ সম্প্রসারণ করা সম্পর্কে সকল পক্ষ আলোচনা শুরু করবে।

এই স্টেডিয়াম প্রকল্প নির্মাণ খাতের আনুমানিক 10,000 কর্মসংস্থান তৈরি করবে বলে আশা করা হচ্ছে এবং প্রকল্প শ্রমিক চুক্তি (PLA) অনুযায়ী প্রকল্পটি ইউনিয়নের শ্রমিকদের দিয়ে নির্মিত হবে। বিলস বাফেলোর বিল্ডিং এন্ড কনস্ট্রাকশন ট্রেডস কাউন্সিল (Building and Construction Trades Council), নিউ ইয়র্ক এবং এর অধিভুক্ত স্থানীয় ইউনিয়নগুলোর তরফ থেকে ভিসিনিটি (Vicinity), AFL-CIO এর সাথে একটি PLA সমঝোতা সম্পন্ন করবে। এই চুক্তির জন্য বিলসকে একটি কমিউনিটি বেনিফিটস চুক্তিতে সম্মত হতে হবে, যা নিয়ে আলোচনা করা হবে।

এরি কাউন্টি বর্তমান স্টেডিয়াম ও সংলগ্ন কমপ্লেক্সের মালিকানা স্টেটের কাছে হস্তান্তর করবে, যার মধ্যে অনুশীলন ফ্যাসিলিটি ও অফিসের জায়গা অন্তর্ভুক্ত রয়েছে। নতুন স্টেডিয়াম ও সংলগ্ন কমপ্লেক্সের মালিকানা স্টেটের কাছে থাকবে, যা বিলসকে লিজ প্রদান করা হবে। যদি বিলস চুক্তি ভঙ্গ করে, সেক্ষেত্রে স্থানান্তর না হওয়ার শর্তসমূহ কার্যকর করার জন্য স্টেট ও কাউন্টি আদালতের কাছে যাওয়ার অধিকার থাকবে। নতুন স্টেডিয়ামটি নাগরিক উদ্দেশ্যসমূহ পূরণের জন্য ব্যবহার করা যাবে, যেমন, প্রয়োজন হলে, টিকাদান ও ভোটের কার্যক্রম পরিচালনার জন্য এবং সেইসাথে কোনো জরুরি পরিস্থিতিতে।

নিউ ইয়র্ক স্টেটের বিল্ডিং এন্ড কনস্ট্রাকশন ট্রেডস কাউন্সিলের (Building and Construction Trades Council) প্রেসিডেন্ট গ্যারি লা-বারবারা বলেন, "নতুন বিলস স্টেডিয়াম নির্মাণ প্রকল্পের ক্ষেত্রে ইউনিয়নের শ্রমিকদের দিকে মনোযোগ দেওয়ায় আমরা গভর্নর হোকল, পেগুলা পরিবার, ও বাফেলো বিলসকে ধন্যবাদ জানাতে চাই। এই নতুন বিলস স্টেডিয়াম ভালো বেতনের 10,000 ইউনিয়ন কর্মসংস্থান তৈরি করবে, এবং মহামারী চলাকালীন দুইটি কষ্টকর বছর পার করার পর, ওয়েস্টার্ন নিউ ইয়র্কের কঠোর পরিশ্রমী পরিবারগুলোর জন্য ঠিক এই সরকারি-বেসরকারি বিনিয়োগই প্রয়োজন ছিল। স্টেটজুড়ে আমরা যে 200,000 ট্রেডসপিপলের প্রতিনিধিত্ব করে থাকি তাদের পক্ষ থেকে, নিউ ইয়র্ক স্টেট বিল্ডিং এন্ড কনস্ট্রাকশন ট্রেডস কাউন্সিল এই প্রকল্পে সহায়তা করতে পেরে গর্বিত, এবং আমাদের সদস্যরা কাজে যোগদান করার এবং বিলসকে ওয়েস্টার্ন নিউ ইয়র্কে রেখে দেওয়ার প্রতীক্ষায় রয়েছে।"

নিউ ইয়র্ক স্টেটের AFL-CIO-এর প্রেসিডেন্ট মারিও সিলেন্টো বলেন, "বাফেলো বিলসকে ওয়েস্টার্ন নিউ ইয়র্কে রেখে দেওয়ার জন্য তার প্রতিশ্রুতি পূরণ করায় আমরা গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই। এটি এই অঞ্চলের জন্য একটি অতি প্রয়োজনীয় বিনিয়োগ যা সামনের বছরগুলোতে শ্রমিকদের জন্য স্টেডিয়ামে ও এর আশেপাশের অঞ্চলে বসবাস করা ও কাজ করে যাওয়ার সুযোগ তৈরি করবে। ব্যবসায়িক কমিউনিটি ও শ্রমিকদের তরফ থেকে তৈরি হওয়া রাজস্ব আমাদের করের ভিত্তি মজবুত করবে এবং আমাদের জন্য স্টেটব্যাপী আমরা যেসব সরকারি সেবার উপর নির্ভরশীল সেগুলো প্রদান করা অব্যাহত রাখার সুযোগ করে দিবে। আমরা গর্বিত যে স্টেডিয়ামটি ইউনিয়নের শ্রমিকদের দ্বারা নির্মিত হবে, যারা দেশের সবচেয়ে বেশি প্রশিক্ষণপ্রাপ্ত, উচ্চ দক্ষতাসম্পন্ন কর্মীদল, যা আমাদেরকে আগত বহু প্রজন্ম ধরে স্টেডিয়ামটি উপভোগ করা চালিয়ে যাওয়ার সুযোগ করে দিবে।"

NFL কমিশনার রজার গুডেল বলেন, "বিলস ভক্তদের জন্য ওয়েস্টার্ন নিউ ইয়র্কে তাদের প্রাপ্য বিশ্বমানের ফ্যাসিলিটি সরবরাহ করার পরিকল্পনায় অসাধারণ অগ্রগতি সম্পন্ন হওয়ায় আমরা অত্যন্ত আনন্দিত। গভর্নর হোকল, সিনেটর স্কুমার, এবং এরি কাউন্টির এক্সিকিউটিভ পোলনকার্জের অসাধারণ নেতৃত্ব ও অংশীদারিত্বের জন্য আমরা কৃতজ্ঞ। এই অসাধারণ ভিশনকে বাস্তবে রূপ দেওয়ার জন্য আমরা তাদের ও পেগুলাদের সাথে কাজ করা অব্যাহত রাখবো। পেগুলারা বাফেলোর প্রতি তাদের অঙ্গীকারবদ্ধতা প্রদর্শন করা অব্যাহত রেখেছে, যেটি এমন একটি বাজার যা NFL-কে কয়েক প্রজন্ম ধরে সহায়তা করে আসছে। এই নতুন স্টেডিয়াম আগত কয়েক দশক ধরে ওয়েস্টার্ন নিউ ইয়র্কে প্রতিযোগিতামূলক অবস্থান ধরে রাখতে বিলসকে সাহায্য করার বুনিয়াদ গড়ে তুলবে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development)-এর ভারপ্রাপ্ত কমিশনার এবং প্রেসিডেন্ট ও CEO পদে মনোনীত হোপ নাইট বলেন, "বিলস ওয়েস্টার্ন নিউ ইয়র্ক ও এর বাইরের অঞ্চলগুলোর জন্য একটি বৃহৎ অর্থনৈতিক চালিকাশক্তি। বিলস-এর স্টেডিয়াম নিয়ে আলোচনার উপর টিমের ভবিষ্যত এবং কয়েক মিলিয়ন ডলারের রাজস্ব অনিশ্চিত অবস্থায় ছিল -- কিন্তু সেরা কোয়ার্টারব্যাকের মতোই, গভর্নর হোকল বিলসকে বাফেলোতে রেখে দেওয়ার খেলা জিতে যাওয়ার পদক্ষেপটি গ্রহণ করেছেন। ভক্তদের, ব্যবসা প্রতিষ্ঠানগুলোর এবং মিউনিসিপ্যালিটিগুলোর যৌথ উপকারের জন্য বিলসকে নিউ ইয়র্ক স্টেটে রাখার গুরুত্ব অনুধাবন করতে পারা প্রত্যেককে আমি অভিনন্দন জানাই।"

স্টেট সিনেটর সিয়ান রায়ান বলেন, "কয়েক প্রজন্ম ধরে বাফেলো বিলস ওয়েস্টার্ন নিউ ইয়র্কের আত্মার সঙ্গে মিশে আছে। খারাপ ও ভালো উভয় সময়গুলোতে আমরা সবাই মিলে আমাদের হোমটাউনের টিমের জন্য সমর্থন প্রকাশ করার অভিজ্ঞতা শেয়ার করেছি। বিলস-এর জন্য একটি নতুন যুগের সূচনা হওয়ার এই সময়ে, আমি জানি যে WNY-তে আগামী কয়েক দশকের জন্য তাদের অবস্থান নিশ্চিত হওয়ার পাশপাশি ইউনিয়ন শ্রমিকদের কাজে লাগানোর জন্য এক প্রজন্মে একবার আসার মতো একটি প্রকল্প পেয়ে আমরা সবাই কৃতজ্ঞ। এই দিনটিকে সম্ভব করে তোলার জন্য, এবং স্টেটের করদাতাদের অগ্রিম বিনিয়োগ তাদেরকে ফিরিয়ে দিবে এমন একটি দীর্ঘমেয়াদী চুক্তিতে উপনীত হওয়ার জন্য তাদের কঠোর পরিশ্রমের জন্য আমি গভর্নর হোকল ও কাউন্টি এক্সিকিউটিভ পোলনকার্জকে ধন্যবাদ জানাই।"

স্টেট সিনেটর টিম কেনেডি বলেন,"বাফেলো বিলস একটি কমিউনিটি হিসেবে আমাদের আত্মপরিচয়ের অংশ। বিলসকে তাদের যেখানে সবচেয়ে ভালো মানাবে সেখানে, বাফেলোতে থেকে যাওয়া নিশ্চিত করার জন্য আমি গভর্নর হোকল ও কাউন্টি এক্সিকিউটিভ পোলনকার্জের প্রশংসা করি। এই কৌশলগত বিনিয়োগ আমাদের কমিউনিটির চালিকাশক্তি হিসেবে কাজ করা অব্যাহত রাখবে, এবং আমাদের অঞ্চল ও স্টেটে নতুন করে জাতীয় আগ্রহ তৈরি করবে।"

সংখ্যাগরিষ্ঠ অংশের নেতা, ক্রিস্টাল পিপলস-স্টোকস বলেন, "আমাদের প্রিয় বাফেলো বিলসকে WNY-এ রাখার জন্য একটি নতুন স্টেডিয়ামের চুক্তি সম্পর্কে সিদ্ধান্তে পৌঁছানোর আলোচনায় অংশগ্রহণকারী সকল পক্ষকে অভিনন্দন জানাই। অগ্রগতির জন্য এই এক প্রজন্মে একবার আসার মতো সুযোগটি কাজে লাগানোর জন্য আমি চুক্তির শর্তাবলী ও বিবরণ

পর্যালোচনা করার পাশাপাশি একটি কমিউনিটি বেনিফিটস চুক্তি প্রতিষ্ঠার লক্ষ্যে কাজ করার প্রত্যাশা রাখি।"

বাফেলোর মেয়র বাইরন ব্রাউন বলেন, "আমাদের প্রিয় বাফেলো বিলস-এর ওয়েস্টার্ন নিউ ইয়র্কে থাকা নিশ্চিত করবে এমন একটি নতুন স্টেডিয়ামের চুক্তি নিয়ে সফলভাবে আলোচনা সম্পন্ন করায় আমি গভর্নর হোকলকে অভিনন্দন জানাই। ভবিষ্যতে দীর্ঘ সময়ের জন্য একটি NFL সিটি হিসেবে বাফেলোর অবস্থান ধরে রাখার জন্য একসঙ্গে কাজ করার জন্য গভর্নর হোকল, এরি কাউন্টির এক্সিকিউটিভ পোলনকার্জ, টেরি ও কিম পেগুলা এবং NFL কমিশনার রজার গুডেলকে ধন্যবাদ।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন